
সংবাদ

তারিখ ... 09. MAR. 2016 ....
পৃষ্ঠা ... ১৭ ... কলাম ... ২ ... ......

# রূপসী বাংলা সাহিত্য পুরস্কার পাচ্ছেন ৮ বিশিষ্টজন



❖ বিনোদন প্রতিবেদক

রূপসী বাংলা সাহিত্য পুরস্কার ২০১৫ পাচ্ছেন দেশের ৮ গুণীজন। কলকাতার সাংস্কৃতিক সংগঠন জীবনানন্দ উৎসব কমিটির উদ্যোগে বিভিন্ন ক্ষেত্রে অবদানের জন্য ৮ বিশিষ্টজনকে এ পুরস্কার প্রদান করা হবে। পুরস্কার প্রাপ্তরা হলেন বাংলা একাডেমির মহাপরিচালক ড. শামসুজ্জামান খান, কবি মহাদেব সাহা, কবি নির্মলেন্দু গুণ, কবি হেলাল হাফিজ, কবি অসীম সাহা, কবি রবিউল হুসাইন, কবি তপংকর চক্রবর্তী ও কবি সহিদ রাহমান। আগামী ১২ মার্চ বিকেলে ঢাকায় বাংলা একাডেমির কবি শামসুর রাহমান সেমিনার কক্ষে আনুষ্ঠানিকভাবে পুরস্কারপ্রাপ্তদের হাতে পদক, সনদপত্র ও সম্মাননা অর্থ তুলে দেয়া হবে।

পুরস্কার প্রদান প্রসঙ্গে জীবনানন্দ উৎসব কমিটির সভাপতি কবি অমৃত মাইতি বলেন, ২০০৭ সাল থেকে আমরা এ পুরস্কার প্রবর্তন করে আসছি। জীবনানন্দ দাশ যেহেতু উভয় বাংলার তাই গত বছর থেকে বাংলাদেশের কবি-সাহিত্যিকদের নিজ নিজ অবদানের জন্য এ পুরস্কার দেয়ার চিন্তা করেছি। আমি পশ্চিমবঙ্গে থাকলেও প্রত্যেক বছর বাংলাদেশে আসি। বাংলাদেশের মানুষ ও কবি-সাহিত্যিকদের সঙ্গে আমার আত্মিক সম্পর্ক। তাই বাংলাদেশের এই গুণীজনদের এ পুরস্কার দিতে পেরে আমি আনন্দিত।